ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২১
আগরতলা,৩০ জুলাই,২০২৫

**মুখ্যমন্ত্রীর সঙ্গে বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের সাক্ষাৎ**

রাজ্যের বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের এক প্রতিনিধিদল আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে সাক্ষাৎকারকালে সমাজপতিগণ জনজাতিদের কাস্টমারি ল, বিভিন্ন মন্দিরের উন্নয়ন সহ নানাবিধ বিষয়ে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন এবং তাদের দাবিদাওয়া তুলে ধরেন। মুখ্যমন্ত্রী সমাজপতিদের উদ্দেশে বলেন, সরকার জনজাতিদের সামগ্রিক উন্নয়নের বিষয়ে আন্তরিক। সমাজপতিদের পক্ষ থেকে যেসকল দাবি জানানো হয়েছে তা সরকার ধীরে ধীরে পূরণ করবে। তাছাড়া সমাজপতিদের উন্নতির বিষয়টিও সরকারের দৃষ্টিগোচরে রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

মুখ্যমন্ত্রী আরও বলেন, জম্পুইহিলের বেতলিংশিব বিষয়ে মিজোরাম রাজ্যের সঙ্গে যে সমস্যা চলছে সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে ইতিমধ্যেই জানানো হয়েছে। এ বিষয়ে মিজোরামের মুখ্যমন্ত্রীর সঙ্গেও কথা হয়েছে। আগামীদিনে তিনি বেতলিংশিব পরিদর্শন করবেন বলেও উপস্থিত সমাজপতিদের আশ্বস্ত করেন। উল্লেখ্য, ত্রিপুরী, মগ, মুড়াসিং ও রিয়াং জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের প্রতিনিধিদল এই সাক্ষাৎকারে উপস্থিত ছিলেন।

*****